বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

পরিকল্পনা ও পরিচালন/(শানিব্যউবি) পরিপত্র নং-০৩/২০২১

তারিখঃ ০২ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয় ঃ ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা প্রসংগে।

ব্যাংকের আর্থিক স্বচ্ছলতা আনয়ন ও মজবুত তহবিল গঠনের প্রধান অবলম্বনই হচ্ছে আমানত। আমানত ব্যাংকের বিনিয়োগসহ যাবতীয় কর্মকান্ড পরিচালনায় গতির সঞ্চার করে থাকে। তাই ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখা এবং ব্যাংককে Financially Viable করার জন্য আমানত সংগ্রহ অপরিহার্য। কম সুদবাহী আমানত সংগ্রহপূর্বক উহা সুপরিকল্পিতভাবে লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে Liabilities কে Asset এ পরিণত করে ব্যাংককে Financially Viable করাসহ মুনাফা অর্জন নিশ্চিত করতে হবে, যা ব্যাংকের মূল লক্ষ্য।

০২। আমানত সংগ্রহের পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায়, চলতি, এসএনডি ও সঞ্চয়ী আমানতের চেয়ে মেয়াদী আমানতই বেশী সংগৃহীত হয়েছে এবং উচ্চ সুদের আমানত সংগ্রহের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। এতে শাখাগুলির আমানতের উপর সুদ ব্যয় বৃদ্ধি পেয়ে শাখার সার্বিক ব্যয় বেড়ে যাচ্ছে। ৩০-০৬-২০২১ ইং তারিখে ব্যাংকের মোট আমানত স্থিতি ৩২৯৭৪.৯০ কোটি টাকার মধ্যে স্বল্পব্যয়ী আমানত স্থিতির পরিমান ১০৫৪৯.০১ কোটি টাকা (৩২%) মাত্র। বিগত ১০-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৯২ তম সভায় বার্ষিক আমানত স্থিতির লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাবনা অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে, পরিচালনা পর্ষদ কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরের জন্য আমানত স্থিতির লক্ষ্যমাত্রা ৪০০০০.০০ (চল্লিশ হাজার) কোটি টাকা নির্ধারণের সদয় অনুমোদন প্রদান করা হয়। সে মোতাবেক ৩০-০৬-২০২১ ইং তারিখের আমানত স্থিতির ২১.৩০% প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরে Performance Budgeting এর ভিত্তিতে বিভাগওয়ারী (এলপিওসহ) আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা ৩০ জুন ২০২২ খ্রিঃ তারিখে মোট আমানত স্থিতির লক্ষ্যমাত্রা এবং কর্মরত জনবলের ভিত্তিতে (প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর ন্যূনতম ৬০ টি চলতি/সঞ্চয়ী এবং ২৫ টি আমানত স্কীম হিসাব খোলার লক্ষ্যমাত্রা বিবেচনায়) নতুন চলতি/সঞ্চয়ী হিসাব খোলার লক্ষ্যমাত্রা "সংযুক্তি-ক" মোতাবেক বন্টন করে দেয়া হলো।

০৩। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ আগামী ১৮-০৮-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/কর্পোরেট শাখার আমানত সংগ্রহ, আমানত স্থিতি, নতুন চলতি/সঞ্চয়ী হিসাব খোলার লক্ষ্যমাত্রা এবং আমানত স্কীম হিসাব খোলার লক্ষ্যমাত্রা বন্টন করে উহার একটি কপি ১৮-০৮-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগণ বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত আমানত সংগ্রহ এবং আমানত স্থিতির লক্ষ্যমাত্রা আগামী ২২-০৮-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অঞ্চলাধীন শাখাসমূহে বন্টন করে বন্টনকৃত লক্ষ্যমাত্রার কপি ২২-০৮-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

০৪। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনুসরণীয় নির্দেশনাঃ-

- এমনভাবে আমানত সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হবে যাতে ২০২১-২০২২ অর্থবছর শেষে ৩০-০৬-২০২২ খ্রিঃ তারিখে স্বল্প সুদবাহি আমানত ও উচ্চসুদবাহি আমানতের অনুপাত ৪০ঃ৬০ এ উন্নীত হয়। ইতোমধ্যে যেসব শাখা/কার্যালয়ের আমানত অনুপাত ৪০ঃ৬০ বা তার কম রয়েছে সে সব শাখা/কার্যালয়কে স্বল্প সুদবাহি আমানত আরও ১০% বাড়িয়ে অনুপাত ৫০ঃ৫০ আনতে হবে।
- আমানতের সুদ ব্যয় কমানোর লক্ষ্যে মোট আমানতের মধ্যে চলতি আমানতের পরিমান ২০%, সঞ্চয়ী ও এসএনডি হিসাবে ৫০%, মেয়াদী আমানত হিসাবে ২০% এবং অন্যান্য আমানত ১০% অর্জন পর্যায়ক্রমে নিশ্চিত করতে হবে।
- অধিক সুদবাহী মেয়াদী আমানত সংগ্রহ নিরুৎসাহিত করে স্বল্প মেয়াদী আমানত যথা- সুদবিহীন ও অপেক্ষাকৃত কমসুদবাহী চলতি, এসএনডি এবং সঞ্চয়ী আমানত সংগ্রহে অধিক মনোযোগী হতে হবে।
- আমানতের উপর সুদ ব্যয় কমানোর লক্ষ্যে শাখার সমুদয় মেয়াদী আমানতের বিপরীতে নিয়মাচার অনুযায়ী সর্বোচ্চ পরিমান ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে।
- সুদবিহীন/স্বল্প সুদবাহী বড় বড় আমানত সংগ্রহের পাশাপাশি অধিক হারে ক্ষুদ্র ক্ষুদ্র আমানত সংগ্রহের মাধ্যমে আমানতের একটি স্থিতিশীল মজবুত ভিত্তি গড়ে তোলার প্রতি মনোযোগ দিতে হবে। বিশেষ করে Financial Inclusion এর আওতায় কৃষকের ১০/- টাকায় খোলা ব্যাংক হিসাবসহ অন্যান্য ক্ষুদ্র আমানতকারীদের ব্যাংক হিসাব সচল রাখার মাধ্যমে আমানতের একটি স্থায়ী ভিত্তি গড়ে তুলতে হবে।
- প্রত্যেক ঋণগ্রহীতার নামে সংশ্লিষ্ট শাখায় আবশ্যিকভাবে একটি চলতি/সঞ্চয়ী হিসাব খোলে ঋণ বিতরণ করতে হবে।

চলমান পাতা-০২

- স্বল্প সুদবাহী আমানতের উপর অধিক গুরুত্ব দিয়ে খাতভিত্তিক আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।
- প্রাতিষ্ঠানিক বড় বড় আমানত সংগ্রহ করে এবং সরকারী তহবিলের ৫০% সরকারী ব্যাংকে রাখার যে নিয়ম রয়েছে তা যথাযথ কাজে লাগিয়ে ব্যাংকের আমানত ভিত্তি আরো সুদৃঢ় করতে হবে।
- ঋণ বিতরণের তহবিলের জন্য প্রধান কার্যালয়/বাংলাদেশ ব্যাংকের মুখাপেক্ষী না হয়ে স্বাবলম্বী হওয়ার লক্ষ্যে আমানত সংগ্রহের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীদের সম্পৃক্ত ও উদ্বুদ্ধ করতে হবে এবং সকল কর্মকর্তা/কর্মচারীদের সর্বনিম্ন ৬০টি চলতি/সঞ্চয়ী আমানত হিসাব খোলার লক্ষ্যমাত্রাসহ আমানত সংগ্রহের ব্যক্তিগত লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে।
- বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক মাঠ পর্যায়ে প্রায়শঃই কৃষক সমাবেশের আয়োজন করা হয়। মাঠ পর্যায়ে এ ধরণের সমাবেশে সংশ্লিষ্ট এলাকার ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক উপস্থিত থেকে ব্যাংকের সার্বিক কর্মকান্ড সম্পর্কে কৃষকগণকে অবহিতকরণ ও কৃষি ব্যাংকে সঞ্চয়ের জন্য উদ্বুদ্ধ করতে হবে। যারা ব্যাংক থেকে ঋণ গ্রহণ করবেন তাদের প্রত্যেকের নামে আবশ্যিকভাবে একটি করে আমানত চলতি/সঞ্চয়ী হিসাব খুলে নিয়মিত লেনদেন করার অনুরোধ জানাতে হবে এবং এ সকল আমানত হিসাব সচল রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। আমানত সংগ্রহ অভিযান জোরদার করে লক্ষ্যমাত্রা অর্জনের দিক-নির্দেশনা ঃ

নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণের মাধ্যমে শাখার সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে সর্বনিম্ন ৬০টি করে নতুন চলতি/সঞ্চয়ী এবং ২৫ টি আমানত স্কীম হিসাব খোলার মাধ্যমে আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নির্দেশনা প্রদান করা হলোঃ-

(ক) গ্রাহক সেবার মান উন্নয়নঃ

গ্রাহকই ব্যাংকের সকল কর্মকান্ডের প্রাণকেন্দ্র। গ্রাহক ছাড়া ব্যাংক চলতে পারে না। "গ্রাহক ব্যাংকের উপর নয় বরং ব্যাংক গ্রাহকের উপর নির্ভরশীল" এ মনোভাব নিয়ে আমানতকারীদের তাৎক্ষণিকভাবে উত্তম সেবার মাধ্যমে গ্রাহক সন্তুষ্টির নিশ্চিত করার মাধ্যমে নতুন আমানতকারীদের আকৃষ্ট করতে হবে। এ লক্ষ্যে সম্ভাব্য স্বল্পতম সময়ে চেক, ডিডি, টিটি, এমটি, পিও, অনলাইন জমা ও উত্তোলন ইত্যাদির টাকা প্রদান ও সংগে সংগে প্রযোজ্য ক্ষেত্রে পাশ বই পুরণ করে গ্রাহককে সন্তুষ্ট করতে হবে। গ্রাহক সেবার ব্যাপারে যে কোন অভিযোগ গুরুত্বের সাথে স্বল্পতম সময়ে সমাধান করতে হবে।

(খ) আমানতকারী/সম্ভাব্য আমানতকারীদের সাথে ব্যক্তিগত যোগাযোগঃ

প্রতিটি কার্যালয়/শাখাকে স্থানীয় ও তাঁদের আওতাধীন এলাকার ব্যবসায়ি, চাকুরীজীবি, প্রবাসী এবং স্বচ্ছল কৃষক এর তালিকা প্রস্তুত করে তাঁদের সাথে নিয়মিত ব্যক্তিগত যোগাযোগ রক্ষা করে ব্যাংকের আমানতের সকল প্রোডাক্ট সম্পর্কে অবহিত করতে হবে এবং তাদেরকে সব ধরণের আমানত হিসাব খোলার জন্য উদ্বুদ্ধ করতে হবে। প্রতিটি শাখা/কার্যালয়ে আমানত সংশ্লিষ্ট সকল পত্রালাপের জন্য একটি "ডিপোজিট ডেভেলপমেন্ট ফাইল" সংরক্ষণ করতে হবে এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে শাখার/কার্যালয়ের এ সম্পর্কিত কর্মকান্ডের উপর মনিটরিং জোরদার করতে হবে। কার্যালয় প্রধানকে তার অধিক্ষেত্রে অবস্থিত বিভিন্ন সরকারী, আধাসরকারী, স্বায়ত্ব-শাসিত ও বেসরকারী প্রতিষ্ঠানের প্রধানদের সাথে ঘনিষ্ট সংযোগের মাধ্যমে সম্পর্ক সৃষ্টি করে তাদের প্রতিষ্ঠানের আমানত সংগ্রহের ব্যবস্থা করতে হবে।

(গ) ক্ষুদ্র সঞ্চয়ের উপর গুরুত্ব আরোপঃ

ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ী হিসাব এবং অন্যান্য ক্ষুদ্র সঞ্চয় বৃদ্ধির জন্য আমানতের যে সকল প্রোডাক্ট রয়েছে তা জনসাধারণকে অবহিত করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ স্থানে স্টীকার/পোস্টার লাগাতে হবে এবং ব্যাপক প্রচারের মাধ্যমে গ্রাহকদের আকৃষ্টকরণপূর্বক আমানত বৃদ্ধির প্রচেষ্টা জোরদার করতে হবে। গ্রাহকদের হিসাব খোলার ফরম পুরণে সহায়তা করতে হবে।

(ঘ) বিদেশে কর্মরতদের আমানত সংগ্রহঃ

দেশের পর্যাপ্ত সংখ্যক লোক বিভিন্ন দেশে নানা পেশায় কর্মরত আছেন যারা বিভিন্ন ব্যাংকের মাধ্যমে প্রচুর রেমিটেন্স প্রেরণ করেন। শাখার আওতাধীন এলাকার বিদেশে অবস্থানরত বাংলাদেশীদের নাম, ঠিকানা সংগ্রহ করে একটি তালিকা প্রস্তুতপূর্বক শাখায় সংরক্ষণ করতে হবে এবং তাঁদের নিকট হতে আমানত সংগ্রহের জন্য নিয়মিতভাবে পত্র যোগাযোগ করতে হবে। প্রতিটি শাখা এ ব্যাপারে একটি ফাইল ও রেজিষ্টার সংরক্ষণ করবে। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে এ সংক্রান্ত নথি/রেজিষ্টার রক্ষণাবেক্ষণ করা হয় কি না তা পরীক্ষা করবেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। রেমিট্যান্সের অর্থ দ্রুততম সময়ে হয়রানিমুক্তভাবে প্রদান নিশ্চিত করে বেশী বেশী রেমিটেন্স প্রেরণে উদ্বুদ্ধ করতে হবে।

(ঙ) সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে আমানত সংগ্রহ কার্যক্রমে সম্পৃক্তকরণঃ

ব্যাংকের একটি স্থিতিশীল আমানত ভিত্তি গড়ার লক্ষ্যে সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে আমানত সংগ্রহে অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে। সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীকে আমানত হিসাব খোলা (সর্বনিম্ন ৬০টি করে নতুন চলতি/সঞ্চয়ী এবং ২৫ টি আমানত স্কীম হিসাব খোলার) ও আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে এবং তা অর্জনের বিষয়ে নিয়মিত তদারকি নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০৩

(চ) কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত লক্ষ্যমাত্রা তদারকি ও অর্জন নিশ্চিতকরণঃ

কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত লক্ষ্যমাত্রা তদারকি ও অর্জন নিশ্চিতকর এর লক্ষ্যে শাখা/কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের নামে আমানত রেজিষ্টার খুলে স্ব-স্ব কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সংগৃহীত আমানত রেজিষ্টারে এন্ট্রি দিতে হবে। শাখায় আমানত সংগ্রহের অগ্রগতি পর্যালোচনা করার জন্য প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে আমানত সংগ্রহের কর্মীভিত্তিক ও সার্বিক আমানতের লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে পর্যালোচনা সভা করতে হবে এবং এ সম্পর্কিত একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে এবং ব্যক্তিগত লক্ষ্যমাত্রা অর্জন বিবেচনায় পরবর্তী বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) মূল্যায়ন করতে হবে।

(ছ) নতুন আমানতের উপর গুরুত্বারোপঃ

স্বল্প মেয়াদী আমানত বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি শাখায় প্রতি কর্মদিবসে সর্বনিম্ন ০২ (দুই)টি চলতি/সঞ্চয়ী হিসাব খোলার মাধ্যমে প্রচলিত নীতিমালার আলোকে পর্যাপ্ত সংখ্যক নতুন আমানত হিসাব খোলার মাধ্যমে ৫,০০,০০০ নতুন চলতি/সঞ্চয়ী আমানত হিসাব খোলার লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। প্রতিমাসে প্রতি শাখায় সর্বনিম্ন ১৬ (ষোল) টি বিশেষ স্কীমের হিসাব খোলার মাধ্যমে নতুন প্রবর্তিত বিশেষ স্কীমের হিসাব খোলার লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

০৬। উপরোক্ত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক ২০২১-২০২২ অর্থবছরে ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) কোটি টাকা আমানত স্থিতির লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে মাঠ পর্যায়ের সকল শাখার আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন পাক্ষিক ভিত্তিতে এবং ট্রেজারি ম্যানেজমেন্ট বিভাগকে স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল নগর শাখার আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন সাপ্তাহিক ভিত্তিতে পরিধারণ করবে। শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ থেকেও বিভাগ/অঞ্চল ভিত্তিক আমানত সংগ্রহের অগ্রগতি সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক ভিত্তিতে নিয়মিতভাবে মনিটরিং করা হবে।

০৭। এছাড়াও, ২০২১-২০২২ অর্থবছরের আমানত সংগ্রহ কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি নিয়মিত পর্যালোচনা/পরিধারণ করার জন্য মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট শাখা/অঞ্চল/বিভাগ কর্তৃক প্রধান কার্যালয়ের চাহিদা মোতাবেক স্বল্প সুদবাহী এবং উচ্চ সুদবাহী আমানত সংগ্রহ সংক্রান্ত নির্ভুল তথ্য/বিবরণী সময়মত সরবরাহ নিশ্চিত করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৭/০৮/২১

সংযুক্তি ঃ বর্ণনামতে।

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
(অতিরিক্ত দায়িত্বে)

নং-প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০২১-২০২২/১৯৬ তারিখ ঃ ১৭ আগস্ট ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ও স্টাফ কলেজ, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

২৭/০৮/২০২১

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সংযুক্ত-ক

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা।

| ক্রমিক নং | বিভাগ/ কার্যালয়ের নাম | ৩০-০৬-২০২১ তারিখের মোট আমানত স্থিতি (কোটি টাকায়) | ২০২১-২০২২ অর্থবছরের আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা | | | | | ৩০-০৬-২০২২ এ মোট আমানত স্থিতির লক্ষ্যমাত্রা (কোটি টাকায়) | নতুন চলতি/সঞ্চয়ী হিসাব খোলার লক্ষ্যমাত্রা | বিশেষ স্কীম হিসাব খোলার লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট লক্ষ্যমাত্রা (কোটি টাকায়) | লক্ষ্যমাত্রার বিভাজন (কোটি টাকায়) | | | | | | |
| | | | | চলতি (২০%) | সঞ্চয়ী ও এসএনডি (৫০%) | মেয়াদি আমানত (২০%) | অন্যান্য (১০%) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | ঢাকা | ৯৭৮৪.৬৫ | ২০৮৪.৫৬ | ৪১৬.৯১ | ১০৪২.২৮ | ৪১৬.৯১ | ২০৮.৪৬ | ১১৮৬৯.২১ | ৭১০০০ টি | ২৮৫০০ টি |
| ২ | ময়মনসিংহ | ১৯৯৮.৫০ | ৪২৫.৭৭ | ৮৫.১৫ | ২১২.৮৯ | ৮৫.১৫ | ৪২.৫৮ | ২৪২৪.২৭ | ৬৩০০০ টি | ২৫০০০ টি |
| ৩ | চট্টগ্রাম | ৩৬৩১.৫০ | ৭৭৩.৬৭ | ১৫৪.৭৩ | ৩৮৬.৮৪ | ১৫৪.৭৩ | ৭৭.৩৭ | ৪৪০৫.১৭ | ৫০০০০ টি | ২০০০০ টি |
| ৪ | খুলনা | ১৯৩৫.৮৭ | ৪১২.৪৩ | ৮২.৪৯ | ২০৬.২২ | ৮২.৪৯ | ৪১.২৩ | ২৩৪৮.৩০ | ৪২৪০০ টি | ১৭০০০ টি |
| ৫ | বরিশাল | ১৯০৮.৬৮ | ৪০৬.৬৩ | ৮১.৩৩ | ২০৩.৩১ | ৮১.৩৩ | ৪০.৬৬ | ২৩১৫.৩১ | ৬২২০০ টি | ২৪৫০০ টি |
| ৬ | সিলেট | ২০৩৭.৪৪ | ৪৩৪.০৬ | ৮৬.৮১ | ২১৭.০৩ | ৮৬.৮১ | ৪৩.৪১ | ২৪৭১.৫০ | ৪৯০০০ টি | ১৯৫০০ টি |
| ৭ | কুমিল্লা | ৩৬৬৪.৪৬ | ৭৮০.৬৯ | ১৫৬.১৪ | ৩৯০.৩৪ | ১৫৬.১৪ | ৭৮.০৭ | ৪৪৪৫.১৫ | ৮১৪০০ টি | ৩২৫০০ টি |
| ৮ | ফরিদপুর | ১৭৬৫.১৫ | ৩৭৬.০৫ | ৭৫.২১ | ১৮৮.০২ | ৭৫.২১ | ৩৭.৬১ | ২১৪১.২০ | ৪৭০০০ টি | ১৮৫০০ টি |
| ৯ | কুষ্টিয়া | ১২০৫.৬২ | ২৫৬.৮৫ | ৫১.৩৭ | ১২৮.৪৩ | ৫১.৩৭ | ২৫.৬৮ | ১৪৬২.৪৭ | ৩২০০০ টি | ১৩০০০ টি |
| ১০ | এলপিও | ৫০৪৩.০৩ | ১০৭৪.৩৯ | ২১৪.৮৮ | ৫৩৭.১৯ | ২১৪.৮৮ | ১০৭.৪৪ | ৬১১৭.৪২ | ২০০০ টি | ১৫০০ টি |
| | মোটঃ | ৩২৯৭৪.৯০ | ৭০২৫.১০ | ১৪০৫.০২ | ৩৫১২.৫৫ | ১৪০৫.০২ | ৭০২.৫১ | ৪০০০০.০০ | ৫০০০০০ টি | ২০০০০০ টি |

২৭/০৬/২২
মোঃ শাহরিয়ার মহিমুদ চৌধুরী
উর্ধতন মুখ্য কর্মকর্তা

২৭/০৬/২০২২
জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে